

# কুষ্টিয়া মেডিকেল কলেজের যুগপূর্তি উদযাপন

কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশ : ১৮ অক্টোবর ২০২৩, ২২:১২



ছবি: ইত্তেফাক

কুষ্টিয়া মেডিকেল কলেজের যুগপূর্তি অনুষ্ঠান জাঁকজমকভাবে পালিত হয়েছে। বুধবার (১৮ অক্টোবর) সকালে র্যালি, স্বেচ্ছায় রক্তদান, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া-৩ আসন্নের এমপি মাহবুব উল আলম হানিফ।

সকালে শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ক্যাম্পাসে র্যালি বের করা হয়। র্যালিটি ক্যাম্পাস ও মেডিকেল কলেজ লাগোয়া কুষ্টিয়া-রাজবাড়ী মহাসড়কের অংশবিশেষ প্রদক্ষিণ করে। এতে প্রধান অতিথি এমপি হানিফ বেলুন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। পরে কেক কাটা হয়।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

কুষ্টিয়া মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাক্তার মো. দেলদার হোসেনর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ সময় কুষ্টিয়া মেডিক্যাল কলেজের প্রতিষ্ঠাকাল থেকে বিগত ১২ বছরে ধারণকৃত নানা তথ্যচিত্র প্রজেক্টের মাধ্যমে উপস্থাপন করা হয়।



অনুষ্ঠানে বক্তব্য দেন কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ডাক্তার মারুফ হাসান, প্রতিষ্ঠাকালীন অধ্যক্ষ ডাক্তার ইফতেখার মাহমুদ, সাবেক অধ্যক্ষ এসএম মুস্তানজিদ ও ডাক্তার আশরাফুল হক দারা, বিএমএ সাধারণ সম্পাদক ডাক্তার এএফএম আমিনুল হক রতন, কুষ্টিয়া জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, ডাক্তার দেবাশীষ পাল, ডাক্তার সালেক মাসুদ, ডাক্তার রতন কুমার পালসহ অনেকে।

এ ছাড়া শিক্ষার্থীদের মধ্যে আকাশ আহমেদ, তাসনিম ইসলাম, আব্দুল্লাহ আল আবীর ও প্রাক্তন শিক্ষার্থী ডাক্তার ইফ্ফাত জাহান তনুজা। সভা শেষে ত্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ গ্রহণকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

উল্লেখ্য, ২০১১ সালে ৯ অক্টোবর এক যুগপূর্তি হলেও নির্ধারিত দিন পিছিয়ে ১৮ অক্টোবর বুধবার এই অনুষ্ঠান উদযাপন করা হয়। কুষ্টিয়া মেডিকেল কলেজ অস্থায়ী ভবন থেকে নিজস্ব ক্যাম্পাসে ফিরলেও এখনো ৫০০ শব্দ্যার হাসপাতালটি চালু হয়নি। তবে চলতি মাসেই আউটডোর কার্যক্রম চালু হবে বলে মেডিকেল কলেজে ও হাসপাতালের পরিচালক ডাক্তার মারুফ হাসান জানান।